দুরাভাষ ঃ ৫৩৮-২৬৬৪
৫৩৮-০২০৩
ফ্যাক্স ঃ ৫৩৮-৬৪৪২

# মধ্যমগ্রাম পৌরসভা

## মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা

কোলকাতা ঃ ৭০০ ১২৯

পত্রাঙ্ক নং -     তারিখঃ

## সাধারন পৌর বোর্ড মিটিং এর কার্য্যবিবরনী

সভা নং - ৭৯     সময়ঃ বেলা ৩.৩০ টা
তাং - ০৯।০৭।২০২৬     স্থানঃ পৌরসভা সভাকক্ষ

**আলোচ্য বিষয়ঃ**

(১) বিগত সভার (৭৮নং) কার্য্যবিবরনী পঠন ও অনুমোদন।

(২) PWD সংক্রান্ত কাজের পর্য্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(৫) নামজারিকরনের অনুমোদন।

(৬) বিবিধ।

**উপস্থিতিঃ**

✶ পৌরপ্রধানঃ শ্রী নিমাই ঘোষ

**অন্যান্য কাউন্সিলরবৃন্দঃ**

- মহঃ নজরুল ইসলাম
- মাসতুরা সাহানি
- মহঃ জুম্মান আলী
- শ্রীমতী মমতা রায় সেন
- শ্রী গোপাল চন্দ্র ঘোষ
- শ্রীমতী কনিকা দেবনাথ
- শ্রীমতী অনিতা মুখার্জী
- শ্রীমতী প্রিয়াঙ্কা মল্লিক
- শ্রীমতী সুমিতা ঘোষ
- শ্রী সুকুমার মন্ডল
- শ্রীমতী অন্তরা মজুমদার
- শ্রীমতী পিঙ্কি ঘোষ
- শ্রী সুশান্ত রায়
- শ্রী কিশোর কুমার রায়
- শ্রীমতী রাধারানী দত্ত
- শ্রী সুব্রত দাস
- শ্রী প্রহ্লাদ কুমার দত্ত
- শ্রী অলোক সাহা
- শ্রীমতী বৈশালী ব্যানার্জী
- শ্রীমতী কৃষ্ণা সেনগুপ্ত
- শ্রী সঞ্জয় মন্ডল
- শ্রী অরুপ কুমার ঘোষ
- শ্রীমতী সুতপা ব্যানার্জী

মধ্যমগ্রাম পৌরসভা ✶ উত্তর ২৪ পরগনা ✶ মধ্যমগ্রাম

**অন্যান্য উপস্থিতিঃ** শ্রী রাজেন্দ্র নাথ মাহাতা - নির্বাহী আধিকারিক
শ্রী সরোজ কুমার দে - অর্থ আধিকারিক

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় সভায় সভাপতিত্ব করেন।

জিরো আওয়ারে শ্রী অলোক সাহা বলেন Pump Operator সহ কয়েকজন কর্মী অবসরগ্রহণ করার পর এখনও Gratuity র টাকা পায়নি। তারা যাতে দ্রুত Gratuity র টাকা পায় তার ব্যবস্থা করবেন আশাকরি। কর্মচারীদের PF Account এর হিসাবও update নেই বলে জানতে পারলাম। দ্রুত update করার ব্যবস্থা নিতে হবে। কয়েকদিন আগে পৌরপ্রধানের ঘরে একটি রাজনৈতিক দলের একদল মানুষ এসে তান্ডব করেছে শুনলাম। এমন সব কথাবার্তা বা প্রশ্ন করেছে যা করা যায় না । মাঝে মধ্যেই তারা পৌরসভায় এসে বিভিন্ন দপ্তরে ঢুকে আজে বাজে কথাবার্তা বলছে। একজন মহিলা কর্মীকে অপমান করেছে। কর্মচারীরা নিরাপত্তার অভাব বোধ করছেন। এসবের বিরুদ্ধে আপনি কি ব্যবস্থা নিয়েছেন। কোথায় জানিয়েছেন। গণতান্ত্রিকভাবে নির্বাচনের মাধ্যমে সকলে নির্বাচিত হয়ে এসেছি। তাদের কোন বক্তব্য থাকলে গণতান্ত্রিকভাবে ডেপুটেশন দিতে পারতো। তাদের বক্তব্যের সত্যতা থাকতে পারে কিন্তু গণতান্ত্রিকভাবে তা জানানো উচিত। কর্মচারীদের নিরাপত্তা দেওয়া আমাদের কর্তব্য। প্রয়োজনে আমরা সকলে মিলে গণতান্ত্রিকভাবে ব্যবস্থা নেব।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন একজন Pump Oprator Gratuity র টাকা পাচ্ছেন না। গতকাল তিনি এসেছিলেন। আমি EO এবং FO কে বলবো যারা অবসর নিচ্ছেন তাদের Gratuity র টাকা যেন দ্রুত মিটিয়ে দেওয়া হয়। কর্মচারী ইউনিয়নের পক্ষ থেকে আমাকে জানানো হয়েছে PF Account update নেই। আমি তাদের বলেছি দ্রুত ব্যবস্থা নেওয়া হবে। ঠিকই বলেছেন কয়েকদিন আগে একটি রাজনৈতিক দলের কিছু মানুষ আচমকা আমার ঘরে ঢুকে পড়ে। Attendant আপত্তি করেছিল। তারা শোনেনি। জোর করে সকলে মিলে চিৎকার চেঁচামেচি করে ঢুকে পড়ে। কয়েকজন CIC সদস্য, কাউন্সিলর এবং পৌরকর্মীরা জানতে পেরে এসেছিল। পুলিশ প্রশাসনকে ফোন করেছিলাম। তারা এসেছিল। আমি তাদেরকে বললাম আপনারা লিখিতভাবে জানাবেন। আমি উত্তর দেব। Women for tree প্রকল্পে টাকা পায়নি কেন মহিলারা তা জানতে চান। আমি বলি একদফা পেয়েছে। Utilisation দিয়েছি। বাকী টাকা আসলে পেয়ে যাবে। পুলিশের সাথে সাথে CRPF ও এসেছিল । তাদের সামনেই ২ থেকে ২.৩০ ঘন্টা তারা তান্ডব করে। অকথ্য ভাষায় কথা বলেছে। ছবি তুলেছে। Facebook live করেছে। গত ১লা জুলাই আমি SP কে চিঠি করেছি। প্রতিদিন তারা আসে। দপ্তরে ঢুকে পরে। ছবি তোলে। কর্মচারীদের নিরাপত্তা সহ সবটা জানিয়েছি SP কে। আমি তাদের বলেছি সরকারের কর্মসূচীতে কোন খামতি নেই। সকল স্তরের কর্মীরা সর্বতোভাবে কাজ করছে। আমি বলেছি জন কল্যান শিবির সংঘটিত হয়েছে। বিভিন্ন ধরনের ভাতার Form ছাপানো হয়েছে।বন্টন করা হয়েছে। জমা নেওয়া হয়েছে। কার্য্যনির্বাহী আধিকারিককে বলেছি Help Desk করার জন্য। কোন নাগরিক যদি কোন বিষয়ে জানতে আসেন তাহলে সেখান থেকে জানতে পারবেন।

জুম্মান আলী মহাশয় বলেন তারা যখন এসেছিল আমি তখন পৌরসভাতে ছিলাম। তারা বিভিন্ন বিষয়ে কৈফিয়ত চাইছে ও পৌরপ্রধানকে পদত্যাগ করার কথা বলছিলো। তাঁর ওয়ার্ডের কর্মীদেরও ভয় দেখাচ্ছে বলে জানান।

শ্রী অলোক সাহা বলেন আমরা EO সাহেব থেকে জানতে চাই Communication Gap কেন হচ্ছে এবং তার সুষ্ঠ সমাধান কিভাবে সম্ভব।

মাননীয় কার্য্যনির্বাহী আধিকারিক বলেন Communication Gap শুধুমাত্র অন্নপূর্ণা যোজনা ও আয়ুষ্মান কার্ডের বিষয়ে কখনো কখনো হয়েছে। SOP সবসময় পাওয়া যায়নি। যখনই পেয়েছি সঙ্গে সঙ্গে পৌরপ্রধান মহাশয়কে জানিয়েছি। আমরা form জমা নিয়ে তথ্য সহ upload করেছি। বাকীটা সরকারী স্তরে হয়েছে।সেই অর্থে Communication Gap তৈরী হয় নি।

শ্রীমতী বৈশালী ব্যানার্জী বলেন তাঁর ওয়ার্ডে ICDS কর্মী যারা verification এর কাজ করছে তাদের কাজের গতি ভীষন শ্লথ। verification কবে হবে মানুষ জানতে চাইছে।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন ICDS কর্মীদের কাজ CDPO দেখেন। EO কে বলবো CDPO র সাথে কথা বলতে।

জিরো আওয়ার শেষ হলে মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বিগত সভার (৭৮ নং) কার্য্যবিবরনী অনুমোদনের জন্য প্রস্তাব দেন।

সভায় উপস্থিত সকল সদস্য কোনো প্রকার আপত্তি বা মতামত না জানানোয় বিগত সভার (৭৮নং) কার্য্যবিবরনী সম্পূর্ন অপরিবর্তিত অবস্থায় গৃহীত ও অনুমোদিত হল।

(২) PWD সংক্রান্ত পর্য্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন আগের থেকে কিছুটা progress হয়েছে। পথশ্রী ও KMDA র ড্রেন তৈরীর কাজ শুরু হয়েছে। APAS এখনও বন্ধ আছে। পৌরসভা থেকে কিছু কাজের Tender আহ্বান করা হয়েছিল। EO এবং FO মিলে যোগাযোগ রাখছেন UDMA এবং KMDA র সাথে। নির্দেশ পেলে কাজ শুরু হবে। ADP ২৬ - ২৭ এর ব্যাপারে আধিকারিকদের নিয়ে বসবো। আগামী সভায় জানাবো । Mastic রাস্তার যে কাজ হয়েছে তার payment জেলাশাসক মারফৎ পাঠাতে হবে। আমরা পাঠিয়ে দিয়েছি। আশাকরি Fund পেয়ে যাবো।

শ্রী অলোক সাহা বলেন সব থেকে সমস্যা হচ্ছে APAS এর কাজ নিয়ে । অধিকাংশ কাজই অর্দ্ধেক হয়ে পড়ে আছে। কবে হবে বা আদৌ হবে কিনা জানা নেই। একটা সমাধান দ্রুত হওয়া উচিত। Building Plan কমিটির সভা নিয়মিত হচ্ছে না। এটা নিয়মিত করার প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন সংশ্লিষ্ট জায়গায় চিঠি করা হয়েছে। Building Plan কমিটির নিয়মিত সভা করা হবে বলে জানান।

শ্রী অরুপ ঘোষ নির্বাহী আধিকারিকের কাছে জানতে চান সরকারী নির্দেশিকা অনুযায়ী কমিটি তৈরী হয়েছে EO,FO এবং DMDC কে নিয়ে। Payment বন্ধ আছে বলে FO বলেছিলেন। এখন বর্তমান অবস্হা কি জানতে চান।

নির্বাহী আধিকারিক মহাশয় বলেন FUND ছাড়তে গেলে DM মাধ্যমে UDMA তে যেতে হবে। Joint Secretary মহাশয় কে চিঠি করেছিলাম। তিনি জানিয়েছেন দ্রুত SOP বেরবে।

(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন পানীয় জল সরবরাহ ঠিকমতো চলছে। CIC কে বলবো সামনে বর্ষাকাল । কোন জায়গায় যেন বিদ্যুতের তার ছেঁড়া অবস্হায় না থাকে সেটা যেন দপ্তরের ইঞ্জিনিয়র মারফৎ তদন্ত করার ব্যবস্হা করেন। কাউন্সিলরদের ও জানতে বলেন। তড়িতাহত হয়ে যেন কোন দুর্ঘটনা না ঘটে তা দেখতে হবে।

শ্রী অলোক সাহা বলেন স্টোর এ বৈদ্যুতিক সরঞ্জাম নেই। এটা দেখা দরকার।

শ্রীমতী অন্তরা মজুমদার বলেন Store এ 70W LED Light নেই। দ্রুত ব্যবস্হা নেওয়ার জন্য প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন CIC কে বলবো প্রয়োজনীয় ব্যবস্হা নেওয়ার জন্য।

(৪) জনস্বাস্থ্য ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন গতসভায় বলেছিলাম হাইড্রেন পরিষ্কারের কাজ PWD,PH & Conservancy ও Vehicle দপ্তর যৌথভাবে দেখবেন। তারা দেখেশুনে কাজ করছেন। EO সাহেব ও তদারকি করতে বের হচ্ছেন। অধিকাংশ ড্রেন পরিষ্কার হয়ে গেছে। যেটুকু বাকী আছে তাও দ্রুত হয়ে যাবে । ওয়ার্ডের মধ্যেকার ড্রেনগুলি পরিষ্কারের জন্য ৫০ জন করে শ্রমিক বরাদ্দ করা হয়েছিল। অনেক ওয়ার্ডে কাজ শেষ হয়েছে। যারা এখন ও শেষ করেন নি তাদের দ্রুত শেষ করতে বলেন। FO সাহেব আবেদন করেছেন আগামীদিনে সমস্ত payment কর্মীদের account এ দেওয়ার জন্য।

শ্রীমতী বৈশালী ব্যানার্জী নির্মল বন্ধুদের Gloves দেওয়ার জন্য বলেন।

শ্রী অরুপ কুমার ঘোষ বলেন সাফাইকর্মীদের বর্ষাতি দেওয়া হোক। আরো বলেন নির্মল সাথীরা ফর্ম নিয়ে ঘুরছেন শৌচাগার দেওয়ার জন্য। কোথায় সিদ্ধান্ত হল এবং আমরা কেন জানতে পারলাম না তা জানতে চান।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন নির্মল বন্ধুদের Gloves প্রতিনিয়ত দেওয়া হয়। প্রয়োজনে দপ্তরে যোগাযাগ রাখবেন। বর্ষাতি দেওয়া হয়েছিল। প্রয়োজনে দেওয়া হবে বলে জানান। শৌচাগার যাদের নেই অথবা অস্বাস্থ্যকর তাদের জন্য সরকারী নির্দেশিকা অনুযায়ী দেওয়া হবে। এটা জনকল্যান শিবিরে শুরু হয়েছে। তারপর ধারাবাহিক ভাবে চলছে বলে জানান।

(৫) নামজারিকরনের অনুমোদনঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী ৫৮৬ টি নামজারিকরনের আবেদনপত্র অনুমোদিত হল।

(৬) বিবিধঃ

(১) মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী Dumping Ground সংলগ্ন দক্ষিনহাট মৌজার জে.এল.নং - ৭৩ , হাল এল. আর ১১১৪ নং খতিয়ান ভুক্ত জমি হতে ১৩ শতক জমি মহিদুল ইসলাম (ভোটার কার্ড নং -CKW4050100) পিতা- মরহুম নাসিরুদ্দনের নিকট হতে Dumping Ground এর প্রয়োজনে পৌরসভা ক্রয় করবে। উক্ত জমি ক্রয় ও রেজিষ্ট্রি বাবদ যে ব্যয় হবে তা পৌরতহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হল।

(২) ২নং ওয়ার্ডের অন্তর্গত শৈলেশনগরে HEALTH SUB CENTRE তৈরী হয়েছে যে এক কাঠা জমিতে (মৌজা - দিগবেড়িয়া, জে.এল.নম্বর - ৭৪, দাগ নং - এল.আর. এবং আর.এস. - ৩৩২, এল.আর. খতিয়ান - ৭৭৩ ও ৭৭৪) সেই জমি পৌরসভা শ্রী প্রদীপ কুমার সোম, পিতা- স্বর্গীয়, দুর্গাপদ সোম এর নিকট হতে ক্রয় করবে। উক্ত জমি ক্রয় ও রেজিস্ট্রি বাবদ যে ব্যয় হবে তা পৌরতহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হল। উক্ত জমি ক্রয় করার জন্য একটি কমিটি গঠন করা হল। কমিটির সদস্যরা হবেন পৌরপ্রধান, CIC সদস্য (P.H & Conservancy Deptt.) ,বিরোধী দলনেতা, EO এবং FO ।

(৩) কঠিন বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্প (SWM Project) বাস্তবায়নে যে Driver, Helper, নির্মলবন্ধু , নির্মল সাথী কর্মরত আছে তা অনুমোদিত হল।

সভায় আর কোনো আলোচনা না হওয়ায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় সভার কাজের সমাপ্তি ঘোষনা করলেন।

কার্য্যবিবরনী
মাননীয় / মাননীয়া
শ্রী / শ্রীমতী ______________________________
কাউন্সিলর / উপ পৌরপ্রধান, ওয়ার্ড নং ________
এর নিকট প্রেরিত হল।

Executive Officer
Madhyamgram Municipality
North 24 Parganas

মধ্যমগ্রাম পৌরসভা
উত্তর ২৪পরগনা
মধ্যমগ্রাম

ধন্যবাদান্তে,

পৌরপ্রধান
মধ্যমগ্রাম পৌরসভা